

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

চট্টগ্রাম সিটি কর্পোরেশন
রাজস্ব বিভাগ
www.ccc.org.bd


আপনার সমস্যা-পরামর্শ
চট্টগ্রাম সিটি কর্পোরেশনের
১৬১০৪ নম্বরে জানান

গ্রীণ ও ক্লিন সিটি রূপান্তরের লক্ষ্যে যত্রতত্র ব্যানার, পোস্টার, ফেস্টুন, সাইনবোর্ড, ডিসপ্লে বোর্ড
ইত্যাদি অপসারণের

জরুরী বিজ্ঞপ্তি

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠান কর্তৃক সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকা/ভূমিতে নীতিমালা বহির্ভূত/অননুমোদিতভাবে ব্যানার, পোস্টার, ফেস্টুন, সাইনবোর্ড, ডিসপ্লে বোর্ড ইত্যাদি স্থাপন করা হচ্ছে যা বিদ্যমান আইনের পরিপন্থী। যত্রতত্র ব্যানার, পোস্টার, ফেস্টুন, সাইনবোর্ড, ডিসপ্লে বোর্ড বা অন্য কোন প্রকার প্রচারপত্র সাঁটিয়ে দেয়া সিটি কর্পোরেশন আইন ২০০৯ এর ৯২ ধারা ৪৩ অনুচ্ছেদ অনুযায়ী দণ্ডনীয় অপরাধ। অপরিষ্কৃত সৌন্দর্যহানিকর স্টেটে দেয়া সকল প্রকার প্রচারপত্র অপসারণের বিষয়ে সকল রাজনৈতিক, পেশাজীবী, ব্যবসায়িক, সামাজিক, সাংস্কৃতিক ও ধর্মীয় প্রতিষ্ঠানসহ নগরবাসীর সার্বিক সহযোগিতা কামনা করছি। চট্টগ্রাম মহানগরীকে গ্রীণ ও ক্লিন সিটিতে রূপান্তরের লক্ষ্যে বিভিন্ন ওয়ার্ডে বিউটিফিকেশন এর কাজ পুরোদমে চলছে। ইতোমধ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ কর্তৃক নগরীর বিভিন্ন ওয়ার্ডে দর্শনীয় স্থানে ব্যানার, ফেস্টুন, প্লে-কার্ড বা অন্য কোন প্রচার পত্র প্রদর্শনের জন্য স্থান নির্দিষ্ট করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত নির্দিষ্ট স্থানে বাংলাদেশ গেজেট ২০১৬ এর ২৯৮ অনুচ্ছেদ অনুযায়ী বিজ্ঞাপন কর পরিশোধ করে সিটি কর্পোরেশন কর বিধি ১৯৮৬ এর ৭৪ মোতাবেক অনুমতি গ্রহণ সাপেক্ষে বিভিন্ন বিজ্ঞাপন প্রচারের সুযোগ রয়েছে। তাই চট্টগ্রাম নগরীকে পরিষ্কৃত ও নান্দনিক হিসেবে গড়ে তোলার লক্ষ্যে সিটি কর্পোরেশন এলাকায় স্থাপিত সকল প্রকার অননুমোদিত সাইনবোর্ড, ডিসপ্লে বোর্ড, বিভিন্ন ধরনের প্রচারপত্র ইত্যাদি নিজ উদ্যোগে জরুরী ভিত্তিতে আগামী ০৭(সাত) দিনের মধ্যে অপসারণের জন্য অনুরোধ করা হলো।

অন্যথায়, অবৈধ ব্যানার, পোস্টার, ফেস্টুন, সাইনবোর্ড, ডিসপ্লে বোর্ড ইত্যাদি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ড্রাম্যমান আদালত কর্তৃক উচ্ছেদ করে যাবতীয় খরচাদি আদায়পূর্বক সরঞ্জাম জব্দসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধিমাতে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।


কর্তৃপক্ষ

চট্টগ্রাম সিটি কর্পোরেশন